# কাতার সফরে ঢাকা ছাড়লেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান



পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। ছবি: সংগৃহীত

দুই দিনের সরকারি সফরে কাতারের উদ্দেশে ঢাকা ছেড়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান।

মঙ্গলবার (১৮ আগস্ট) ভোরে একটি ফ্লাইটে দোহার উদ্দেশে রওনা হন তিনি।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, পররাষ্ট্রমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে রয়েছেন প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনাবিষয়ক উপদেষ্টা, পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা এবং বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রীসহ সরকারের কয়েকজন উর্ধ্বতন কর্মকর্তা।

সফরকালে কাতারের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক ও পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে।

LENS ASIA